# আওয়ামী লীগের পথেই হাঁটছে বিএনপি সরকার: নাহিদ ইসলাম




নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি সরকার মানবাধিকার লজ্ঘনের সব প্রক্রিয়া সম্পন্ন করেছে বলে মন্তব্য করেছেন বিরোধী দলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

শনিবার (১৯ সেপ্টেম্বর) রংপুর অভিমুখে লংমার্চের উদ্বোধনী সমাবেশে বক্তব্য দেওয়ার সময় তিনি এ মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, বর্তমান বিএনপি সরকারও আগের আওয়ামী লীগ সরকারের মতো একই পথে এগোচ্ছে। এভাবে চলতে থাকলে তারেক রহমানকে একসময় সিদ্ধান্ত নিতে হবে, তিনি হেলিকপ্টারে নাকি অন্য কোনো উপায়ে দেশ ছাড়বেন।

তিনি আরও বলেন, বিরোধী দলের দাবিগুলো মেনে নেওয়া না হলে একপর্যায়ে সব দাবি এক দফায় পরিণত হবে।

লংমার্চ ঘিরে কর্মসূচির পক্ষে জনসমর্থনের কথা তুলে ধরে নাহিদ বলেন, সারা দেশে যে গণজোয়ার তৈরি হয়েছে, তা ঠেকাতে গত রাত থেকে বিভিন্ন সড়কে ১১ দলের ব্যানার ও ফেস্টুন ছিঁড়ে ফেলা হচ্ছে। তবে ব্যানার-ফেস্টুন সরিয়ে এই কর্মসূচিকে ঘিরে তৈরি হওয়া গণজোয়ার থামানো সম্ভব হবে না বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA